

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২২৫

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮৯. যে বলে, নাপাক ব্যক্তি অযু করবে

باب من قال يتوضاً الْجُنُبُ

আরবী

حَدَّقَنَا مُوسَى، _ يَعْنِي ابْنَ إِسْمَاعِيلَ _ حَدَّقَنَا حَمَّادٌ، _ يَعْنِي ابْنَ سَلَمَةَ _ أَخْبَرَنَا عَطَاءُ الْخُرَاسَانِيُّ، عَنْ يَحْيَى بْنِ يَعْمَرَ، عَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ، أَنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم رَخَّصَ لِلْجُنُبِ إِذَا أَكَلَ أَوْ شَرِبَ أَوْ نَامَ أَنْ يَتَوَضَّاً . قَالَ أَبُو دَاوُدَ بَيْنَ يَحْيَى بْنِ يَعْمَرَ وَعَمَّارِ بْنِ يَاسِرٍ فِي هَذَا الْحَديثِ رَجُلُ وَقَالَ عَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ وَابْنُ عُمَرَ وَعَبْدُ اللهِ بْنُ عَمْرِ وَعَبْدُ اللهِ بْنُ عَمْرِ والْجُنُبُ إِذَا أَرَادَ أَنْ يَأْكُلَ تَوَضَّاً .

_ ضعیف

বাংলা

২২৫। 'আম্মার ইবনু ইয়াসির (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নাপাক ব্যক্তিকে অযু করে পানাহার করার অথবা ঘুমাবার অনুমতি প্রদান করেছেন। 'আলী ইবনু আবূ তালিব (রাঃ), 'আব্দুল্লাহ ইবনু 'উমার এবং 'আব্দুল্লাহ ইবনু 'আমর (রাঃ) বলেছেন, নাপাক ব্যক্তি খাওয়ার ইচ্ছা করলে অযু করে নিবে।[1]

पूर्वल।

English

Narrated Ammar ibn Yasir:

The Prophet (ﷺ) granted permission to a person who was sexually defiled to eat or drink or sleep after performing ablution.

Abu Dawud said: In the chain of this tradition there is a narrator between



Yahya b. Ya'mur and 'Ammar b. Yasir. 'Ali b. Abi Talib, Ibn 'Umar and 'Abd Allah b. 'Amr said: When a person is sexually defiled wants to eat, he should perform ablution.

ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায়ঃ সালাত, অনুঃ উযু করে নিলে জুনুবী ব্যক্তির খাওয়া ও ঘুমানোর অনুমতি আছে, হাঃ (৬১৩), আহমাদ (৪/৩২০), হাম্মাদ সূত্রে ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি হাসান সহীহ। আহমাদ শাকির তিরমিয়ীর উপর তার তালীক গ্রন্থে হাদীসটির পরে আবূ দাউদের কৃত বক্তব্য উল্লেখ করেন। অনুরূপভাবে উল্লেখ করেন ইমাম দারাকুতনীর বক্তব্যঃ ইয়াহইয়া 'আম্মারের সাক্ষাৎ পাননি, সানাদটি মুনকাতি। অতঃপর আহমাদ শাকির বলেন, 'আম্মার নিহত হয় সিফফিনে ৩৭ হিজরীতে। অতএব এটা অসম্ভব বা দূরের কথা নয় যে, তিনি ইয়াহইয়া ইবনু ইয়াসার এর সাক্ষাৎ পেয়েছেন। আলবানী একে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন